

জনাব এস এম রশিদুল হক পিপিএম, অ্যাডিশনাল ডিআইজি (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স), রংপুর রেঞ্জ, রংপুর মহোদয় প্রশাসনিক কাজে ব্যস্ত থাকায় অনুমতিক্রমে জনাব মোঃ আকতার হোসেন, পুলিশ সুপার (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স), রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর এর সভাপতিত্বে গত ২৭/১১/২০২৩ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় রেঞ্জ অফিস, রংপুর সম্মেলন কক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) (২০২৩-২০২৪) এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি কর্তৃক অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় ধারাবাহিক ভাবে গত ২৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।


গত সভার নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি :

- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে অত্রাফিসে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীগণকে সমন্বিতভাবে দায়িত্ব পালন করছেন।
- এপিএ কার্যক্রমকে যথাযথ ও সমন্বিতভাবে পরিচালনার উদ্দেশ্যে অত্রাফিস আদেশ নং-৪৯৬ তাং-১৩/০৭/২০২৩ খ্রিঃ মূলে সকল শাখার ইনচার্জগণ সংশ্লিষ্টতানুযায়ী কার্যক্রম বাস্তবায়নে সচেষ্ট রয়েছেন।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রমের প্রমাণসমূহ ত্রৈমাসিক প্রতিবেদনের সহিত পুলিশ হেডকোয়ার্টার্স প্রেরণের লক্ষ্যে অত্রাফিসের সকল শাখাসমূহের ইনচার্জগণ স্ব-স্ব শাখার সংশ্লিষ্ট কার্যক্রমের প্রমাণসমূহ যথাসময়ে অপরাধ শাখায় প্রদান করছেন।

সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) (২০২৩-২০২৪) এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা শেষে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়।

- পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-৪৪.০০.০০০০.৯৭৮.০৫.০১০.২০২৩-৭৬৮ তারিখ-৩০/১০/২০২৩ খ্রিঃ মূলে উত্তম চর্চা (Best Practice) সমূহের তালিকা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় প্রেরণের নিমিত্তে পত্র পাওয়া গেছে। উক্ত উত্তম চর্চার (Best Practice) তালিকা পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণের লক্ষ্যে অত্রাফিসের সকল শাখার ইনচার্জগণকে আগামী ০১/১১/২০২৩ খ্রিঃ এর মধ্যে স্ব-স্ব শাখার উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রস্তুতপূর্বক অত্রাফিস অপরাধ শাখায় প্রদানের জন্য বলা হলো।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির অনুষ্ঠিতসভার যাবতীয় তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং প্রমাণক হিসেবে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় প্রেরণের নিমিত্তে Screenshot Copy সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে ইনচার্জ, আইসিটি এন্ড মিডিয়া শাখা, রেঞ্জ দপ্তর, রংপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- অত্রাফিস আদেশ নং-৪৯৬ তারিখ- ১৩/০৭/২০২৩ খ্রিঃ মূলে কার্যবন্টন তালিকানুযায়ী সংশ্লিষ্ট স্ব-স্ব শাখার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ (এপিএ) এর ২য় কোয়ার্টারের (০১/১০/২০২৩ হতে ৩১/১২/২০২৩খ্রিঃ পর্যন্ত) লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যদি কোন কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন না হয়ে থাকে তবে তা অর্জনে সংশ্লিষ্টতানুযায়ী অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- প্রমাণসমূহ প্রতিবেদন পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণে লক্ষ্যে অত্রাফিসের প্রত্যেক শাখা কর্তৃক সংশ্লিষ্টতানুযায়ী কর্মসম্পাদন সূচকসমূহের প্রমাণক যথাসময়ে অপরাধ শাখায় প্রদান নিশ্চিত করতে হবে।

পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৬.১১.২৩
(মোঃ আকতার হোসেন)
বিপি-৭৮০৬১১৯৭৩৭

পুলিশ সুপার (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স)

ও

এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর।

স্মারক নং-রং-রেঞ্জ/অপরাধ/ ২০৪২৭


তারিখ-২৬/১১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ-

- ১। ডিআইজি, রংপুর রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রংপুর। (সদয় অবগতির জন্য)
- ২। অ্যাডিশনাল ডিআইজি, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স/ক্রাইম ম্যানেজমেন্ট/অপারেশনস, রংপুর রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রংপুর।
- ৩। পুলিশ সুপার, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স/ক্রাইম ম্যানেজমেন্ট/ট্রাফিক অ্যান্ড অপারেশনস, রেঞ্জ দপ্তর, রংপুর।
- ৪। স্টাফঅফিসার টু-ডিআইজি, রেঞ্জ দপ্তর, রংপুর।
- ৫। পুলিশ পরিদর্শক, অপরাধ/ফোর্স শাখা, রেঞ্জ দপ্তর, রংপুর।
- ৬। ইনচার্জ(সকল) শাখা, রেঞ্জ দপ্তর, রংপুর।
- ৭। প্রধান সহকারী, রেঞ্জ দপ্তর, রংপুর।
- ৮। স্টেনো-টু ডিআইজি, রেঞ্জ দপ্তর, রংপুর।
- ৯। অফিসনথি।

অনুলিপি জ্ঞাতার্থেঃ

- ১। অ্যাডিশনাল ডিআইজি (রিসার্চ, ইনোভেশন অ্যান্ড বেস্ট প্র্যাকটিস), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।



(মোঃ আকতার হোসেন)

বিপি-৭৮০৬১১৯৭৩৭

পুলিশ সুপার (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স)

ও

এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর।